

মুক্তমনার উদ্দেশ্যে আবেদন

প্রিয় সম্পাদক,
মুক্তমনা

কলকাতা

আমি মুক্তমনার একজন নিয়মিত পাঠক ও লেখক। মুক্তমনার লেখালিখি প্রথম দিন থেকেই আমায় মুগ্ধ করে এসেছে। বাংলা ও ইংরেজিতে লেখা মুক্তমনার বৈপ্লবিক চিন্তাসম্বলিত প্রবন্ধগুলি শুধু অসাধারণই নয়, এরা আমায় আজ স্বপ্ন দেখায় দিনবদল করার, আমায় দুঃসাহস জোগায় মুক্ত মনে গলা ফাটাবার।

তাই মুক্তমনার সম্পাদক মন্ডলীর কাছে আমার বিনম্র অনুরোধ, মুক্তমনায় একটি কিশোরবিভাগ চালু করার জন্য। মুক্তমনার এক সদস্যের কাছ থেকে সেদিন জানলাম, বাংলাদেশে বিজ্ঞানচর্চার দুরবস্থা। ভারতে বিজ্ঞানচর্চা শুধু শরীরের প্রয়োজন মেটাতেই শিখেছে। শেখেনি মননশীলতার জন্ম দিতে। তাই প্রযুক্তিক্ষেত্রে আমরা উন্নত হচ্ছি ঠিকই কিন্তু বিজ্ঞানের মনন ও যুক্তিবাদী চিন্তাধারা আমাদের এখনো অধরা রয়ে গেছে।

আজ যারা কিশোর একদিন তারাই ধরবে আমাদের দেশের হাল। কিন্তু তাদের শিক্ষার কি ব্যবস্থা করেছি আমরা? বাংলাদেশে ইসলামি ধর্মশিক্ষা বাধ্যতামূলক। ভারতে হিন্দু মৌলবাদী গোষ্ঠীগুলি রীতিমত ছোকছোক করছে অনুরূপ ছবি সৃষ্টির জন্য। বিজেপি আমলে ভারতেই বিশ্ববিদ্যালয় স্তরে চালু করার ব্যবস্থা করা হয় জ্যোতিষ শাস্ত্র। কম্যুনিষ্ট পশ্চিমবঙ্গ মৌলবাদীদের হাত থেকে অনেক নিরাপদ হলেও বিজ্ঞানমনন তৈরীতে এখনও অনেক পথ হাঁটতে হবে তাকে।

আমাদের অনেকের ঘরেই সন্তান রয়েছেন। কিন্তু আজকাল দেখা যায় বাবা-মায়েরা ছেলেমেয়েদের শিক্ষিত করে চাকুরিযোগ্য করতে যত উৎসাহী, তাদের মধ্যে মননশীলতা ও প্রকৃত বিজ্ঞানমনস্কতা গড়ে তুলতে ততটা উৎসাহী নন। আমার বন্ধু মহলেই দেখেছি, বিজ্ঞানের ছাত্র অথচ জ্যোতিষ

হাঁচি-টিকটিকিতে কি প্রবল বিশ্বাস।

এ প্রতিরোধ করার একমাত্র উপায় কিশোর বয়স থেকেই মানুষকে প্রকৃত বিজ্ঞানমনস্ক করে তোলা। মুক্তমনা মানুষের মননশীলতার ক্ষুধা নিবৃত্তি করতে একান্ত তৎপর। আশা করব, আমার বিবেচনা তাঁরা গুরুত্ব সহকারে বিচার করবেন।

পাঠকরা এবিষয়ে কি বলেন?

অর্ণব

২১ ফাল্গুন, ১৪১২